



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল।

স্মারক নং : বশিবো/কলেজ/ অনু: ২০২৩/২০২৬

তারিখ : ০৫.০৬.২০২৩

আগামী ১১.০৬.২০২৩ থেকে ২৮.০৬.২০২৩ পর্যন্ত শুরু হচ্ছে উচ্চমাধ্যমিক প্রথম বর্ষের ট্রান্সফার কার্যক্রম।
ট্রান্সফার কার্যক্রমের জন্য নিম্নোক্ত পদ্ধতিতে শিক্ষার্থীদের আবেদন করতে হবে।

০১. প্রথমে www.barisalboard.gov.bd গিয়ে download Menu থেকে college form এ গিয়ে TC ফরম ডাউনলোড করতে হবে। এরপর আবেদনকারী যে কলেজে ভর্তিকৃত শিক্ষার্থী এবং যে কলেজে ট্রান্সফার হতে চায়, উভয় কলেজের অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষরের পর আবেদন করতে পারবে।


০২. আবেদনকারী যে কলেজে ভর্তিকৃত শিক্ষার্থী, সে কলেজের মাধ্যমে বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইটের ডান পাশে panel link এ HSC eSIF 2024 এর উপর ক্লিক করে Login করে TC মেনুতে চুকে স্ব স্ব কলেজের কর্তৃপক্ষকে শিক্ষার্থীর পক্ষে আবেদন করতে হবে।

০৩. আবেদন করার সময়ই শিক্ষার্থীর মোবাইল নম্বর দিতে হবে এবং ঐ মোবাইল নম্বরে কলেজ ট্রান্সফারের ফি সম্পর্কিত Message যাবে। যে Message এর ভিত্তিতে শিক্ষার্থী সোনালী সেবার মাধ্যমে ফি জমা দিতে পারবে অথবা কলেজ কর্তৃপক্ষও সোনালী সেবার মাধ্যমে ফি জমা দিতে পারবে।

০৪. শিক্ষার্থীর আবেদন শিক্ষাবোর্ড কর্তৃপক্ষের কাছে যৌক্তিক মনে হলে কেবল তখনই শিক্ষার্থীর মোবাইল নম্বরে একটি OTP (Otime password) যাবে এবং ঐ OTP টি শিক্ষাবোর্ডের নিজস্ব ওয়েবসাইটের (www.barisalboard.gov.bd) ডান পাশে panel link এ HSC 2024 TC Letter download option এ ক্লিক করে OTP দিলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর TC বিষয়ক অনুমতি পত্র পাওয়া যাবে। এই অনুমতি পত্রটি একবার ডাউনলোড করলে এটি আর পুনরায় ডাউনলোড করা যাবে না। এ জন্য অনুমতি পত্রটি অত্যন্ত যত্নের সাথে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, কোন শিক্ষার্থী যদি TC 'র আবেদনের সময় তার শাখা পরিবর্তন করে আবেদন করে, তাহলে তার আবেদন রিজেক্ট হয়ে যাবে।

০৫. ট্রান্সফারের অনুমতিপত্র নিয়ে শিক্ষার্থী তার আবেদিত কলেজে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পর কলেজ কর্তৃপক্ষ তা শিক্ষাবোর্ডের কলেজ পরিদর্শক মহোদয়কে অবগত করবেন।

০৬. আবেদনকারী যে কলেজের ভর্তিকৃত শিক্ষার্থী এবং যে কলেজে যেতে চায়, উভয় কলেজের অধ্যক্ষ মহোদয়কে ট্রান্সফার আবেদনে স্বাক্ষরের পূর্বে দুই কলেজের শাখা এবং বিষয়ে সামঞ্জস্য আছে কিনা তা ভালো করে যাচাই করে নেয়ারজন্য অনুরোধ করা হলো। অনক সময় দেখা যায়, বিষয় সামঞ্জস্য না থাকার পরও অধ্যক্ষ মহোদয়রা স্বাক্ষর করেন -যা পরবর্তীতে শিক্ষার্থীদের ভোগান্তীর কারণ হয়ে থাকে।


০৫.০৬.২০২৩
প্রফেসর ড. মো: লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল।